যুগান্তর

তারিখ ...........
পৃষ্ঠা ২ কলাম ৬

23 2002

# ইডেন কলেজের অধ্যক্ষসহ ৩০ শিক্ষক পাঁচ ঘণ্টা অবরুদ্ধ

যুগান্তর রিপোর্ট

ইডেন কলেজের ছাত্রীরা গতকাল অধ্যক্ষসহ ৩০ শিক্ষককে কলেজ কক্ষে পাঁচ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। পরে পুলিশের হস্তক্ষেপ ও ছাত্র নেতাদের সঙ্গে সমঝোতার পর শিক্ষকরা ছাড়া পান।

জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য অনার্স পার্ট-৩ পরীক্ষা পেছানোর দাবিতে ছাত্রীরা বেশ কিছুদিন ধরে আন্দোলন করছে। পরীক্ষা পেছানোর দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসির কাছে লেখা একটি দরখাস্ত নিয়ে ছাত্রীরা গতকাল দুপুরে কলেজ অধ্যক্ষের কাছে যায়। তারা অধ্যক্ষককে দরখাস্তে সুপারিশ করার অনুরোধ করলে তিনি তা করতে অস্বীকৃতি জানান। এতে ছাত্রীরা ক্ষুব্ধ হয়ে অধ্যক্ষসহ ৩০ জন শিক্ষককে বেলা ২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত কক্ষে আটকে রাখে। খবর নিয়ে ঘটনাস্থলে মহিলা পুলিশসহ পুলিশ কর্মকর্তারা গেলে পরিস্থিতি স্বাভাবিক হয়।